# প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের স্থায়ী কমিটির সভা-২০২৫

সভা নম্বর- ১৮

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষ
খানসামা, দিনাজপুর।

তারিখঃ ২৯/০৬/২০২৫ খ্রিঃ ।

সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

উপস্থিতিঃ পরিশিষ্ট"ক"

আলোচ্য বিষয়ঃ

০১। ২০২৪-২৫ অর্থ বছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন খাতে প্রাপ্ত বরাদ্দ সম্পর্কিত আলোচনা।
০২। সহকারী শিক্ষকগণের অনলাইনে আন্তঃ জেলা বদলির কার্যক্রম সম্পর্কিত আলোচনা।
০৩। বিবিধ।

সভাপতি, জনাব মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর তিনি উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুরকে আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা করার জন্য আহ্বান জানান। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর ধন্যবাদ জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা করেন।

০১। ২০২৪-২৫ অর্থ বছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মেরামতের বিভিন্ন খাতে প্রাপ্ত বরাদ্দ প্রসঙ্গে:

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে মাইনর মেরামত ভাবকী সন্ন্যাসী তলা সরকারি প্রাথমিক বিদ্যায়ের ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়, ২০২৪-২৫ অর্থ বছরে **Needbased Playing accessories** ১,৫০,০০০/- হারে গারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ও দুহশুহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দ পাওয়া যায় এবং রুটিন মেরামত ২৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪০,০০০/- হারে ১০,৪০,০০০/- (দশ লক্ষ চল্লিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। যা ইতোমধ্যে সকল প্রকার মেরামত কার্য সম্পন্ন হয়েছে।

সিদ্ধান্তঃ কাজ সমাপ্তির প্রত্যয়নপত্র সহ সচিত্র প্রতিবেদন দাখিলের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।

০২। সহকারী শিক্ষকগণের অনলাইনে আন্তঃ জেলা বদলির কার্যক্রম সম্পর্কিত প্রসঙ্গেঃ

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের অনলাইনে আন্তঃ জেলা বদলির কার্যক্রম চলমান রয়েছে। সংশ্লিষ্টগণের দায়িত্ব যথাযথভাবে পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্তঃ সংশ্লিষ্টগণের দায়িত্ব যথাযথভাবে পালনের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার ও শিক্ষকগণ, খানসামা, দিনাজপুর।

০৩। বিবিধ বিষয়ে সম্মানিত সভাপতি, জনাব মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর উপস্থিত সম্মানিত সদস্যগণকে বলেন সকল শিক্ষার্থীর স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা ও তাদের নিয়মিত পড়ালেখা অব্যাহত রাখার উপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো বেশি আন্তরিক হওয়ার জন্য অনুরোধ করা হলো।

পরিশেষে, আর কোন উল্লেখযোগ্য আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৬/২৫

মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটি
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।

স্মারক নং- উশিঅ/খান/দিনাজ/ ৩১৬(৮) তারিখঃ ২৯/০৬/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:-
০১। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।
০৩। চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৪। চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৫। চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৬। জনাব মোছাঃ ফিরোজা বেগম, অবসরপ্রাপ্ত শিক্ষক, খানসামা মডেল সর.প্রা.বিদ্যা., খানসামা, দিনাজপুর।
০৭। জনাব মোঃ সাঈদ আহমেদ সেলিম বুলবুল, বিশিষ্ট ব্যক্তি, টংগুয়া, খানসামা, দিনাজপুর।
০৮। অফিস কপি।

২৯/০৬/২৫

মোঃ হুমায়ুন কবির তালুকদার
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
খানসামা, দিনাজপুর।

## পরিশিষ্ট "ক"

তারিখঃ ২৯/০৬/২০২৫ খ্রিঃ।

| ক্র: নং | কর্মকর্তা/সদস্যগণের নাম ও পদবী | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ কামরুজ্জামান সরকার<br>উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি | |
| ২. | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ৩. | চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ৪. | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ৫. | জনাব মোছাঃ ফিরোজা বেগম, অবসরপ্রাপ্ত শিক্ষক খানসামা মডেল সর.প্রা.বিদ্যা., খানসামা, দিনাজপুর। | সদস্য(কো-অপ্ট) | |
| ৬. | জনাব মোঃ সাঈদ আহমেদ সেলিম বুলবুল, বিশিষ্ট ব্যক্তি, টংগুয়া, খানসামা, দিনাজপুর। | সদস্য(কো-অপ্ট) | |
| ৭. | জনাব মোঃ হুমায়ুন কবির তালুকদার<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার(চলতি দায়িত্ব) | সদস্য সচিব | |